

সমাজসেবা অধিদফতরাধীন পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের আওতায় ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০
অর্থ বছরে সম্প্রসারণ ও জোরদারকরণ সংশ্লিষ্ট মাতৃকেন্দ্র কার্যক্রম বাস্তবায়ন নির্দেশনা।

১. পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের কৌশলগত উদ্দেশ্য :

১. সামাজিক সচেতনতা বৃদ্ধি;
২. নারীর ক্ষমতায়ন, প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধি;
৩. সুদমুক্ত ক্ষুদ্রঋণ প্রদান এবং
৪. নারীদের সুসংগঠিত করে অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করা।

২. ইউনিয়ন ও মাতৃকেন্দ্রের গ্রাম নির্বাচন পদ্ধতি :

১. তুলনামূলকভাবে অনুন্নত ও আর্থ-সামাজিক অবস্থায় পিছিয়ে পড়া এলাকাকে মাতৃকেন্দ্রের গ্রাম নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে;
২. যে সমস্ত গ্রামে সরকারি অথবা বেসরকারি পর্যায়ে কোনো দারিদ্র্য বিমোচন কর্মসূচি নেই কিংবা তুলনামূলক কম, ঐ সকল গ্রামকে অগ্রাধিকার প্রদান করতে হবে;
৩. পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি কর্তৃক পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম বাস্তবায়নের জন্য গ্রাম নির্বাচন চূড়ান্ত করতে হবে;
৪. পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালার আলোকে নির্বাচিত গ্রামের পরিবার জরিপ (আর্থ-সামাজিক অবস্থার বিবরণী) সম্পাদন করতে হবে।


৩. মাতৃকেন্দ্র গঠন :

১. ২০১৮-২০১৯ অর্থ বছরে সম্প্রসারণকৃত উপজেলাসমূহে মাতৃকেন্দ্রের সংখ্যা ১০ টি থাকবে।
২. পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের ৬ষ্ঠ পর্ব প্রকল্পের আওতাধীন ২০১৯-২০২০ অর্থ বছরে জোরদারকরণকৃত উপজেলাসমূহে বিদ্যমান মাতৃকেন্দ্রের সংখ্যা ১৫ টি থাকবে। নতুন কোন মাতৃকেন্দ্র গঠনের প্রয়োজন নেই।
৩. ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ অর্থ বছরে দ্বৈত উপজেলাসমূহে মোট মাতৃকেন্দ্রের সংখ্যা হবে ২৫ টি
৪. (অর্থাৎ ২০১৮-২০১৯ অর্থ বছরে ১০ টি এবং ৬ষ্ঠ পর্ব প্রকল্পের বিদ্যমান ১৫ টি)।


৪. লক্ষ্যভুক্ত পরিবার ও তার কার্যাবলী :


পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের আওতায় পরিবার বলতে একান্নভুক্ত (একই সাথে বসবাসকারী স্বামী-স্ত্রী, সন্তান, মা-বাবা, ভাই-বোন এবং পোষ্য) পরিবারকে বুঝাবে। এ কার্যক্রমের সাথে সম্পৃক্ত প্রতিটি পরিবার নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করবে :

- (১) আবাসস্থল পরিষ্কার পরিচ্ছন্ন রাখা;
- (২) নিজস্ব জমি থাকলে সে জমিতে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগানো;
- (৩) বিশুদ্ধ ও নিরাপদ পানি এবং আধুনিক পয়ঃনিষ্কাশন পদ্ধতির ব্যবহার;
- (৪) স্কুলগামী ছেলেমেয়েদের স্কুলে প্রেরণ ও ঝরে পড়া রোধ;
- (৫) পরিবারের সদস্য যাতে অসামাজিক কাজে জড়িয়ে না পড়ে সে জন্য ধর্মীয় ও নৈতিক শিক্ষা এবং পারিবারিক বন্ধন সুদৃঢ়করণ;
- (৬) বয়স্ক নিরক্ষরদের স্বাক্ষরজ্ঞান লাভ;
- (৭) শিশু ও মাতৃস্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ এবং পারিবারিক স্বাস্থ্য ক্লিনিকে সেবা গ্রহণ;
- (৮) এইচ.আই.ভি (এইডস) প্রতিরোধে সচেতন থাকা;
- (৯) পরিবেশ দূষণ রোধে সচেতন থাকা;
- (১০) যথাসময়ে শিশুদের রোগ প্রতিষেধক টিকা দানের ব্যবস্থা নেয়া;


৮/২/২০২০

বেগম ইয়াসমিন
সহকারী পরিচালক (কার্যক্রম-১)
সমাজসেবা অধিদফতর, ঢাকা


মোহাম্মদ রবিউল ইসলাম
উপপরিচালক (কার্যক্রম-১)
সমাজসেবা অধিদফতর, ঢাকা


পরিচালক (কার্যক্রম)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

